

- (১১) “ব্যক্তি” অর্থে যে কোন ধরনের কোম্পানি, সংঘ, সমিতি, অংশীদারী কারবার, প্রতিষ্ঠান, সংস্থা, অন্য কোন কৃত্রিম আইনগত সত্তাসহ উহাদের প্রতিনিধিও অন্তর্ভুক্ত হইবে;
- (১২) “ব্যবসায়ী” অর্থ এমন কোন ব্যক্তি যিনি পাট বা পাটজাত পণ্য ক্রয়, ক্রয়ের মধ্যস্থতা, বিক্রয়, শ্রেণি যাচাই, বাঁধাই, বা পাট সূতা বা পাটজাত পণ্য তৈরির ব্যবসার সহিত সম্পৃক্ত;
- (১৩) “সরকার” অর্থ বস্ত্র ও পাট মন্ত্রণালয়।

৩। পাট ও পাটজাত পণ্য উৎপাদন ও প্রসার, গবেষণা ও পাট চাষে উদ্বুদ্ধকরণে সরকারের ক্ষমতা।—পাট ও পাটজাত পণ্য উৎপাদন ও প্রসার, গবেষণা ও পাট চাষে উদ্বুদ্ধকরণে সরকার নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করিতে পারিবে, যথা :—

- (ক) মানসম্মত উচ্চ ফলনশীল পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও সরবরাহ;
- (খ) পাট চাষের উন্নয়ন, পাট পণ্যের বিপণন ও সম্প্রসারণ কার্যক্রম পরিচালনা;
- (গ) স্থানীয় ও আন্তর্জাতিক বাজার চাহিদার সহিত সংগতি রাখিয়া পাট ও পাটজাত পণ্যের উৎপাদন বৃদ্ধি;
- (ঘ) পাট চাষের জন্য ভূমি ব্যবহারের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন;
- (ঙ) বহুমুখী পাটজাত পণ্যের গবেষণা, উদ্ভাবন, উৎপাদন এবং ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম পরিচালনা;
- (চ) পাট সংশ্লিষ্ট তথ্য ব্যবস্থাপনা কার্যক্রম শক্তিশালী ও আধুনিকীকরণ;
- (ছ) পাট চাষীদের প্রয়োজনীয় তথ্য সরবরাহ এবং সহায়তা প্রদান; এবং
- * (জ) পাট গবেষণা, পাটের চাষ ও উৎপাদনে উদ্বুদ্ধকরণ, পাটজাত পণ্যের ব্যবহার বৃদ্ধি ও বাজার সৃষ্টিকরণের জন্য প্রয়োজনীয় প্রণোদনা প্রদান ও পুরস্কারের ব্যবস্থা গ্রহণ;
- (ঝ) আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণের মাধ্যমে বাজার বহুমুখীকরণের উদ্যোগ গ্রহণ।

৪। পাট ও পাটজাত পণ্যের ব্যবসা উন্নয়ন ও সম্প্রসারণে সরকারের ক্ষমতা।—(১) পাট ও পাটজাত পণ্যের ব্যবসা উন্নয়ন ও সম্প্রসারণে সরকারের নিম্নবর্ণিত ক্ষমতা থাকিবে, যথা :—

- (ক) পাট ও পাটজাত পণ্যের অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাণিজ্য সংক্রান্ত নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন;
- (খ) পাট ও পাটজাত পণ্যের ব্যবসা তদারকি ও নিয়ন্ত্রণ;